

হালকা প্রকৌশল শিল্পে এসইআইপি কর্মসূচি বিনা খরচে প্রশিক্ষণ পাবেন ৯ হাজার কারিগর

শিল্প ও বাণিজ্য ডেস্ক

হালকা প্রকৌশল শিল্পের কারিগরদের দক্ষতা বাড়াতে সরকার, এডিবি ও সুইজারল্যান্ডের অর্থায়নে বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রি ওনার্স অ্যাসোসিয়েশন (বিইআইওএ) এই স্কিলস ফর এমপ্লয়মেন্ট প্রোগ্রাম (এসইআইপি) বাস্তবায়ন করছে। এ কর্মসূচির আওতায় 'মাস্টার ক্র্যাফটসম্যানশিপ (আপ স্কিলিং)' কোর্সসহ মোট ৮টি কোর্সে ভিন্ন মেয়াদে আট হাজার ৯৪০ জনকে প্রশিক্ষণ দেওয়া হবে। কর্মসূচির প্রথম পর্যায়ের কয়েকটি গ্রুপের প্রশিক্ষণ সমাপ্তি এবং সনদ বিতরণ অনুষ্ঠান গতকাল মঙ্গলবার রাজধানীর ওয়ারীতে বিইআইওএ মিলনায়তনে অনুষ্ঠিত হয়। এফবিসিসিআইর পরিচালক ও বাংলাদেশ প্লাস্টিক শিল্প সমিতির সভাপতি জসিম উদ্দিন অনুষ্ঠানে প্রধান অতিথি এবং সমিতির উপদেষ্টা হাজি মোহাম্মদ ইসলাম উদ্দিন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিইআইওএ সভাপতি আবদুর রাজ্জাকের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে প্রকল্পের উর্ধ্বতন কর্মকর্তা ও ব্যবসায়ী নেতারা উপস্থিত ছিলেন। তিন বছরের প্রকল্পের আওতায় বিইআইওএ দেশের বিভিন্ন কারখানার কারিগরদের বিনা খরচে প্রশিক্ষণ দেবে। সাত হাজার ২০০ কারিগরকে ৩০ ঘণ্টা মেয়াদি শুধু মাস্টার ক্র্যাফটসম্যানশিপ (আপ-স্কিলিং) কোর্সে প্রশিক্ষণ দেওয়া হবে। বাকি এক হাজার ৭৪০ জনকে লেদ মেশিন অপারেশন, মিলিং মেশিন অপারেশন, ওয়েল্ডিং, ক্যাড/ক্যাম ডিজাইন, সিএনসি মেশিন অপারেশন, ইলেকট্রিক্যাল এবং রেফ্রিজারেশন ও এয়ার কন্ডিশনিং প্রশিক্ষণ দেওয়া হবে।

Print

ফোন : ৮৮৭০১৭৯-৮৫ ৮৮৭০১৯৫

ফ্যাক্স : ৮৮৭০১৯১ ৮৮৭৭০১৯৬

সম্পাদক : গোলাম সারওয়ার

বিজ্ঞাপন : ৮৮৭০১৯০

প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা ঢাকা - ১২০৮